# আইডিয়াল ম্যারেজ ব্যুরোর প্রতিষ্ঠাতা কাসেমী এবার নারী নির্যাতন মামলায় কারাগারে



সংগৃহীত ছবি

শরিয়াহভিত্তিক বিবাহ পরামর্শ প্ল্যাটফর্ম 'আইডিয়াল ম্যারেজ ব্যুরো'র প্রতিষ্ঠাতা মুফতি মামুনুর রশিদ কাসেমী নারী নির্যাতন মামলায় গ্রেপ্তার হয়ে আদালতের নির্দেশে কারাগারে গেছেন। রোববার (২৩ নভেম্বর) ঢাকার সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ভিক্টোরিয়া চাকমা শুনানি শেষে তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন।

মামলার তথ্য অনুযায়ী, গত শুক্রবার (২২ নভেম্বর) কাসেমীর স্ত্রী তামান্না হাতুনের পক্ষে তার মামি আন্না পারভীন কেরানীগঞ্জ থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে অভিযোগ দায়ের করেন। ওই মামলার পরোয়ানার ভিত্তিতে রোববার বিকেল ৩টার দিকে কেরানীগঞ্জের আটিবাজার এলাকার বাসা থেকে তাকে পুলিশ গ্রেপ্তার করে।

ঢাকা জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার তরিকুল ইসলাম এবং প্রসিকিউশন বিভাগের পরিদর্শক কামাল উদ্দিন গ্রেপ্তার ও আদালতে উপস্থাপনের বিষয়টি নিশ্চিত করেছেন। তারা জানান, গ্রেপ্তারের পর কাসেমীকে থানা থেকে আদালতে নেওয়া হলে বিচারক তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

উল্লেখ্য, কাসেমীর বিরুদ্ধে এর আগেও একাধিক অভিযোগ ওঠে। গত ১৬ অক্টোবর 'তামান্না হাতুন' নামে একটি ফেসবুক আইডি থেকে এক নারী নিজেকে তার তৃতীয় স্ত্রী দাবি করে নতুন অভিযোগ প্রকাশ করেন।

LENS ASIA